



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/১৫/২০১৯/৭০৯

তারিখ : ৩১/০৭/২০২৩ খ্রিঃ

বিষয় : তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দের স্বাক্ষরিত একখানা অভিযোগ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে জামালপুর জেলার সদর উপজেলাধীন “বিয়ারা পলাশতলা উচ্চ বিদ্যালয়” এর ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে নিম্নরূপ অভিযোগ পাওয়া গিয়েছে : -

- ১) বিদ্যালয়ের শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী ও এলাকার সর্বস্তরের জনসাধারণ সভাপতির বিরুদ্ধে অর্থ আত্মসাৎ এবং বিদ্যালয়ের তৃতীয়/চতুর্থ শ্রেণির কর্মচারী নিয়োগের সময় চাকুরী প্রার্থীদের নিকট হতে অর্থ গ্রহণ করেছেন মর্মে অভিযোগ করেন। এছাড়াও সভাপতির বিরুদ্ধে অর্থ আত্মসাৎ সংক্রান্ত একটি মোকদ্দমাও জামালপুর বিজ্ঞ জজ কোর্টে চলমান আছে মর্মে উল্লিখিত আছে।
- ২) বিগত প্রায় নয়-দশ মাস যাবত ম্যানেজিং কমিটির কোন সভায় সভাপতি উপস্থিত হন না মর্মেও অভিযোগ রয়েছে।

এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক এ পত্র ইস্যুর তারিখ হতে ০৭(সাত) কার্যদিবসের মধ্যে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক

প্রাপক : জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
জামালপুর

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ

ড. মোঃ দিদারুল ইসলাম  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

মেমো নং- ৭০৯ (৫)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

তারিখ : ৩১/০৭/২০২৩ খ্রিঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।
- ২। সহকারি প্রোগ্রামার, অত্র বোর্ড (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধসহ)।
- ৩। সভাপতি, ম্যানেজিং কমিটি, “বিয়ারা পলাশতলা উচ্চ বিদ্যালয়”, জামালপুর সদর, জামালপুর।
- ৪। প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত), বিয়ারা পলাশতলা উচ্চ বিদ্যালয়, জামালপুর সদর, জামালপুর।
- ৫। অফিস কপি।

*Didarul Islam*

31.07.2023

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

*(Signature)*